

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৮

كاب النكاح) المحاب النكاح)

পরিচ্ছেদঃ ৪৩. যে ব্যক্তি তার পিতার স্ত্রী (সৎ মা)-কে বিয়ে করে

بَابِ الرَّجُلِ يَتَزَوَّجُ امْرَأَةَ أَبِيهِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرِ الرَّقِيُّ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرِهِ عَنْ زَيْدٍ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ يَزِيدَ بْنِ الْبَرَاءِ عَنْ أَبِيهِ قَالَ لَقِيتُ عَمِّي وَمَعَهُ رَايَةٌ فَقُلْتُ أَيْنَ تُرِيدُ فَقَالَ بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى رَجُلٍ نَكَحَ امْرَأَةَ أَبِيهِ فَأَمَرَنِي أَنْ أَضْرِبَ عُنْقَهُ وَآخُذَ مَالَهُ

বাংলা

২২৭৮. বারাআ রাদ্বিয়াল্লাহু আনহু এর পূত্র ইয়াযীদ তার পিতা হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমার মামা (আবূ বুরদা) এর সাথে আমার সাক্ষাৎ হলো। আর তার হাতে একটি পতাকা ছিল। আমি তাকে প্রশ্ন করলাম, কোথায় যাচ্ছেন? তিনি বললেন, আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন এক লোকের নিকট পাঠিয়েছেন যে লোক তার বাবার স্ত্রীকে (সৎমাকে) বিয়ে করেছে। ফলে তিনি আমাকে তার মাথা কেটে ফেলা ও তার সম্পদ হরণ করে নিয়ে আসার জন্য নির্দেশ দিয়েছেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ হাসান। আর এটি মুসলিমের শর্তানুযায়ী (সহীহ)।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৬৬৬, ১৬৬৭, সহীহ ইবনু হিব্বান নং ৪১১২ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৫১৬ তে। ((আবূ দাউদ, হুদুদ ৩৩৫৬, ৪৪৫৭; নাসাঈ, নিকাহ ৬/১০৯; তিরমিয়ী, আহকাম ১৩৬২; ইবনু মাজাহ ২২৬০৭;- আরনাউত্বের সহীহ ইবনু হিব্বান, ৪১১২ নং হাদীসের টীকা হতে।- অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন